



জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ
Jalalabad Gas Transmission and Distribution System Limited
পেট্রোবাংলার একটি কোম্পানি (A Company of Petrobangla)
গ্যাসভবন, মেন্দিবাগ, সিলেট-৩১০০

তারিখ: ২৭/০৯/২০২২

বিষয়: “সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” বাস্তবায়ন কর্মপরিকল্পনা (২০২২-২০২৩) মোতাবেক কোম্পানির আওতাধীন আঞ্চলিক বিতরণ কার্যালয় (সিলেট পূর্ব - সিলেট পশ্চিম - সিলেট উত্তর - সিলেট দক্ষিণ) এর সমন্বয়ে ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রকৌ. খান মোহাম্মদ জাকির হোসাইন,

মহাব্যবস্থাপক (অপারেশন) ও আহবায়ক, “কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” পরিবীক্ষণ ও হালনাগাদকরণ সংক্রান্ত কমিটি।।

তারিখ : ২৬ সেপ্টেম্বর ২০২২।

সময় : সকাল ১০.০০ ঘটিকা।


স্থান : কোম্পানির প্রধান কার্যালয়ের কমিটি কক্ষ।

উপস্থিত সদস্য : কমিটির সকল সদস্যবৃন্দ ও আবিিকা থেকে আগত কর্মকর্তা বৃন্দ।

কোম্পানির প্রধান কার্যালয়ের কমিটি কক্ষে গত ২৬ সেপ্টেম্বর ২০২২ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় প্রকৌ. খান মোহাম্মদ জাকির হোসাইন, মহাব্যবস্থাপক (অপারেশন) এর সভাপতিত্বে “সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” বাস্তবায়ন কর্মপরিকল্পনা (২০২২-২০২৩) মোতাবেক কোম্পানির আওতাধীন আঞ্চলিক বিতরণ কার্যালয় (আবিিকা সিলেট পূর্ব - সিলেট পশ্চিম - সিলেট উত্তর - সিলেট দক্ষিণ) এর সমন্বয়ে ১ম ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার আলোচ্য বিষয়াদি ও গৃহিত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	ব্যবস্থা গ্রহণকারী
(১)	(২)	(৩)	(৪)
০১।	কোম্পানির আওতাধীন আবিিকা সমূহের বর্তমানে প্রদানকৃত সেবা সমূহের মধ্যে অধিক চলমান সেবা সমূহ নিয়ে আলোচনা।	কোম্পানির আওতাধীন আবিিকা সমূহ কর্তৃক বর্তমান প্রদানকৃত সেবা সমূহের মধ্যে অধিক চলমান সেবা সমূহ (নাম পরিবর্তন, সংযোগ বিচ্ছিন্ন, পুনঃসংযোগ) নিয়ে আলোচনা হয়। চলমান সেবা সমূহ “সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” এ উল্লেখিত সময়ের মধ্যে যাতে নিষ্পন্ন হয় সে বিষয় ব্যবস্থাপক/আবিিকা প্রধান কর্তৃক নিয়মিত তদারকি করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	কোম্পানির আওতাধীন আবিিকা (আঞ্চলিক বিতরণ কার্যালয়) সমূহ।
০২।	গ্রাহক সেবা প্রদানের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্রের অভাবে সিটিজেন চার্টারে উল্লেখিত সময়ের মধ্যে সেবা প্রদান করতে না পারলে করণীয় প্রসঙ্গে।	প্রয়োজনীয় কাগজপত্রের অভাবে সিটিজেন চার্টারে উল্লেখিত সময়ের মধ্যে সেবা প্রদান করতে না পারলে নির্ধারিত সময়ের পূর্বেই উক্ত গ্রাহক কে প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা প্রদানের জন্য পত্র প্রদান করা যেতে পারে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	কোম্পানির আওতাধীন সংশ্লিষ্ট আবিিকা (আঞ্চলিক বিতরণ কার্যালয়)।
০৩।	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদকরণ ও সমৃদ্ধি করার বিষয় আবিিকা সমূহ থেকে পরামর্শ প্রদান প্রসঙ্গে।	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদকরণ ও সমৃদ্ধি করার বিষয় আঞ্চলিক বিতরণ কার্যালয়ের থেকে আগত কর্মকর্তা বৃন্দের পরবর্তীতে কোন পরামর্শ থাকলে তা ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সরাসরি অথবা ই-মেইলের মাধ্যমে প্রদান করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	কোম্পানির আওতাধীন সকল আবিিকা সমূহের সকল কর্মকর্তা/কর্মচারী ও সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


প্রকৌ. খান মোহাম্মদ জাকির হোসাইন
মহাব্যবস্থাপক (অপারেশন)
ও
আহবায়ক

বিতরণঃ

- ১। মহাব্যবস্থাপক(বিপণন-উত্তর/প্রশাসন), জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।
- ২। “কোম্পানির গ্রাহক সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” পরিবীক্ষণ ও হালনাগাদকরণ সংক্রান্ত কমিটির সকল সদস্য, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।
- ৩। ব্যবস্থাপক/আবিিকা প্রধান (সকল আবিিকা).....।

অনুলিপিঃ

- ১। ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।
- ২। দপ্তর নথি।